

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
প্রকল্প বাস্তবায়ন-৩ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং-৪৫.১৭৪.০০২.২৪.০০.০২৪.২০১২-৪৬০

তারিখ : ০৮.০৫.২০১৪ খ্রিঃ

প্রেরক : হুমায়রা সুলতানা  
উপ-সচিব

প্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয় : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়াদীন এইচপিএনএসডিপি'র “হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট (এইচআরএম)” স্বাপকম কর্মসূচির অধীনে ৪০.০০ লক্ষ ( চল্লিশ লক্ষ) টাকা অগ্রিম উত্তোলনের মঞ্জুরি প্রসঙ্গে।

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়াদীন এইচপিএনএসডিপি'র “হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট (এইচআরএম)” স্বাপকম (কোড নং-৫-২৭০১-৫৪৯০) কর্মসূচির অধীনে আরপিএ (জিওবি) খাতে ২য় ও ৩য় কিস্তিতে ছাড়কৃত ৫৭৫.০০লক্ষ (পাঁচ কোটি পঁচাত্তর লক্ষ) হতে Exposure visit on best practices of HRM & Hospital for Health Management শীর্ষক বৈদেশিক প্রশিক্ষণ বাবদ ৪০.০০ (চল্লিশ) লক্ষ টাকা কোড নং-৫-২৭০১-৫৪৯০-৪৮৪০ প্রশিক্ষণ ব্যয় খাত হতে অগ্রিম উত্তোলনে নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে নির্দেশক্রমে সরকারী মঞ্জুরি জ্ঞাপন করছি:

তবে শর্ত থাকে যে,

- ক. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে The Public Procurement Act, 2006 এবং The Public Procurement Rules-2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে;
- খ. পরবর্তী কিস্তি অর্থ উত্তোলনের পূর্বেই যথাসময়ে (৩০শে জুন) যথাযথ ভাউচারের মাধ্যমে অগ্রিম উত্তোলিত অর্থ সমন্বয় করতে হবে;
- গ. অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে সরকারী কোষাগারে সমর্পণ করতে হবে;
- ঘ. ১ম-৩য় কিস্তিতে ছাড়কৃত আরপিএ (জিওবি) অর্থের পুনর্ভরণ দাবী অবিলম্বে পেশসহ পুনর্ভরণ নিশ্চিত করতে হবে;
- ঙ. অগ্রিম হিসেবে উত্তোলিত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন;
- চ. উত্তোলিত অগ্রিম ওপি অনুযায়ী এবং উন্নয়ন প্রকল্পসমূহের অর্থ অবমুক্তি ও ব্যবহার নির্দেশিকা অনুযায়ী কার্যক্রম সম্পাদনের জন্য ব্যয় করতে হবে; এবং
- ছ. বাংলাদেশ ব্যাংক হতে সংশ্লিষ্ট বৈদেশিক প্রাতিষ্ঠানে প্রেরিত টিউশন ফি বাবদ প্রেরিত অর্থের কপি এ শাখায় প্রেরণ করতে হবে।

২। এ অর্থ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতায় এইচপিএনএসডিপি'র “হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট (এইচআরএম)” স্বাপকম (কোড নং-৫-২৭০১-৫৪৯০) অপারেশনাল প্ল্যানের অনুকূলে চলতি ২০১৩-২০১৪ অর্থ বছরের আরপিএ (জিওবি'র) অর্থ হতে কোড নং-৫-২৭০১-৫৪৯০-৪৮৪০ হতে সংকুলান করা হবে।

৩। অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের সম্মতি এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হল।



(হুমায়রা সুলতানা)

উপ-সচিব

ফোনঃ-৯৫৪৯৫৪০


-পরবর্তী পৃষ্ঠা দ্রষ্টব্য -

স্মারক নং-৪৫.১৭৪.০০২.২৪.০০.০২৪.২০১২-৪৬০/১(৭)

তারিখ : ০৮.০৫.২০১৪ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১. অতিরিক্ত সচিব (প্রশাসন) ও লাইন ডাইরেক্টর, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট (এমওএইচ), বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. যুগ্ম-প্রধান স্বাস্থ্য উইং, আর্থ সামাজিক অবকাঠামো ও কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা।
৩. উপ-প্রধান, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট (এমওএইচ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিনিয়র সহকারী সচিব (বাজেট-৪) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৬. যুগ্ম-সচিব (প্রবা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৭. যুগ্ম-প্রধান (পরিকল্পনা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

  
(হুমায়রা সুলতানা)  
উপ-সচিব